

২০১৮-১৯ শিক্ষাবর্ষে প্রতিবন্দী ছাত্র - ছাত্রীদের
স্কলারশিপ প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তি
(নবম শ্রেণী ও তদুর্ধ্ব)

২০১৮-১৯ শিক্ষাবর্ষে উপরোক্ত স্কলারশিপের জন্য নির্ধারিত ফর্মে দরখাস্ত আহ্বান করা হচ্ছে। কেবলমাত্র দৃষ্টি-প্রতিবন্দী, শ্রবণ-প্রতিবন্দী, অস্থি সংক্রান্ত প্রতিবন্দী এবং মানসিক প্রতিবন্দীরা নিম্নলিখিত শর্ত সাপেক্ষে এই স্কলারশিপের জন্য আবেদন করতে পারেন।

- ক) যথোপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রতিবন্ধকতা বিষয়ক শংসাপত্রের অনুলিপি আবেদন পত্রের সাথে সংযোজন করতে হবে।
- খ) দরখাস্তকারীর পিতা -মাতা /অভিভাবকের যৌথ পারিবারিক বার্ষিক আয় অনধিক ২ লক্ষ টাকা হতে হবে। ছাত্র-ছাত্রীদের ব্যাঙ্কের অ্যাকাউন্ট নম্বর এবং IFSC Code আবেদন পত্রে উল্লেখ করতে হবে।
- গ) অষ্টম শ্রেণী ও তদুর্ধ্ব চূড়ান্ত পরীক্ষায় ন্যূনতম ৪০ শতাংশ নম্বর পেতে হবে।
- ঘ) রাজ্য/ কেন্দ্রীয় সরকার প্রদত্ত অনুরূপ স্কলারশিপ এই অর্থবর্ষে পেয়ে থাকলে এই ক্ষেত্রে দরখাস্ত করতে পারবেন না।
- ঙ) মিউজিক/ভোকেশনাল কোর্সের ক্ষেত্রে রাজ্য/ কেন্দ্রীয় সরকার বা স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান, শিল্প প্রতিষ্ঠানে ট্রেনিং বা অ্যাপ্রেন্টিসশিপও এর অন্তর্ভুক্ত।
- চ) যে কোন কাজের দিনে সংশ্লিষ্ট জেলা জনশিক্ষা প্রসার আধিকারিক এর কার্যালয় থেকে নির্ধারিত আবেদন পত্র বিনামূল্যে সংগ্রহ করে এবং তা যথাযথভাবে পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্র সমেত বিজ্ঞাপন প্রকাশের ৬০ দিনের মধ্যে উক্ত কার্যালয়ে জমা করতে হবে।
- ছ) এই বিষয়ে বিস্তারিত তথ্য সংশ্লিষ্ট জেলা জনশিক্ষা প্রসার আধিকারিক এর কার্যালয়ে পাওয়া যাবে।

অধিকর্তা ও

পদাধিকারবলে অতিরিক্ত সচিব

জনশিক্ষা প্রসার ও গ্রন্থাগার পরিষেবা বিভাগ

পশ্চিমবঙ্গ সরকার

আই.সি.এ-২০৩৮(৫)/২০১৮

১ম সমষ্টি / ১৮-১১-২০১৮